

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪

৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০

www.dmtcl.gov.bd



ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে অত্যাধুনিক গণপরিবহন হিসেবে ৬(ছয়)টি মেট্রোরেল সমন্বয়ে Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর আওতায় মোট ১২৯.৯০১ কিলোমিটার (উড়াল ৬৮.৭২৯ কিলোমিটার এবং পাতাল ৬১.১৭২ কিলোমিটার) দীর্ঘ ও ১০৫টি স্টেশন (উড়াল ৫২টি এবং পাতাল ৫৩টি) বিশিষ্ট একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সরকার নিম্নোক্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করেছে।

সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০

ক্রম	এমআরটি লাইনের নাম	পর্যায়	সম্ভাব্য সমাপ্তির সাল	ধরণ
১.	এমআরটি লাইন-৬	প্রথম	২০২৪	উড়াল
২.	এমআরটি লাইন-১	দ্বিতীয়	২০২৬	উড়াল ও পাতাল
৩.	এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট		২০২৮	
৪.	এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট	তৃতীয়	২০৩০	
৫.	এমআরটি লাইন-২			
৬.	এমআরটি লাইন-৪			উড়াল

MRT Line-1 বা বাংলাদেশের প্রথম Underground বা পাতাল মেট্রোরেল

৩১.২৪১ কিলোমিটার দীর্ঘ MRT Line-1 দুটি অংশে বিভক্ত। অংশ দুটি হল: **বিমানবন্দর** রুট (বিমানবন্দর থেকে কমলাপুর) এবং **পূর্বাচল** রুট (নতুন বাজার থেকে পিতলগঞ্জ ডিপো)। বিমানবন্দর রুটের মোট দৈর্ঘ্য ১৯.৮৭২ কিলোমিটার এবং মোট পাতাল স্টেশন সংখ্যা ১২টি। পূর্বাচল রুটের মোট দৈর্ঘ্য ১১.৩৬৯ কিলোমিটার। সম্পূর্ণ অংশ উড়াল এবং মোট স্টেশন সংখ্যা ৯টি। তন্মধ্যে ৭টি স্টেশন হবে উড়াল। নতুন বাজার ও নন্দা স্টেশনদ্বয় বিমানবন্দর রুটের অংশ হিসেবে পাতাল নির্মিত হবে। নতুন বাজার স্টেশনে Inter-change থাকবে। এই Inter-change ব্যবহার করে বিমানবন্দর রুট থেকে পূর্বাচল রুটে এবং পূর্বাচল রুট থেকে বিমানবন্দর রুটে যাওয়া যাবে। উভয় রুটের সকল বিস্তারিত Study, Survey ও Basic Design সম্পন্ন হয়েছে। বর্তমানে Detailed Design এর কাজ চলমান। Detailed Design কার্যক্রমের অগ্রগতি ৯২.০০%। MRT Line-1 এর নির্মাণ কাজের সকল দরপত্র দলিল প্রস্তুত কার্যক্রমের অগ্রগতি ৮৮.০০%। MRT Line-1 এর ডিপো ও ডিপো এক্সেস করিডোর নির্মাণের জন্য নারায়ণগঞ্জ জেলার বুপগঞ্জ উপজেলার পিতলগঞ্জ ও ব্রাহ্মণখালী মৌজার ৯২.৯৭২৫ একর ভূমি অধিগ্রহণের নিমিত্ত জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ (এল এ কেইস নম্বর ১০/১৯-২০) কর্তৃক গেজেট বিজ্ঞপ্তি প্রকাশের জন্য প্রস্তাব বিজি প্রেসে প্রেরণ করা হয়েছে। গত ০৮ ফেব্রুয়ারি ২০২২ তারিখ জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ কর্তৃক কাগজে-কলমে বিবেচনাধীন ভূমির দখল বুঝিয়ে দেয়া হয়েছে। সহসাই বাস্তব দখল বুঝিয়ে দেয়া হবে। ভূমি অধিগ্রহণ কার্যক্রমের অগ্রগতি ৯২.০০%। প্রকল্পের নির্মাণকাজ তত্ত্বাবধানের জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের নিমিত্ত RFP মূল্যায়ন প্রতিবেদন গত ২৬ জানুয়ারি ২০২২ তারিখ সম্মতির জন্য JICA-তে প্রেরণ করা হয়েছে। নির্মাণকাজ তত্ত্বাবধানের জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ কার্যক্রমের অগ্রগতি ৮০.০০%। ডিপোর ভূমি উন্নয়ন সংক্রান্ত প্যাকেজ CP-01 এর কারিগরি দরপত্র মূল্যায়ন প্রতিবেদনের উপর গত ২০ ফেব্রুয়ারি ২০২২ তারিখ JICA কর্তৃক সম্মতি প্রদান করা হয়েছে। ডিপোর ভূমি উন্নয়নের জন্য ঠিকাদারি প্রতিষ্ঠান নিয়োগ কার্যক্রমের অগ্রগতি ৮২.০০%। গত ০৯ ফেব্রুয়ারি ২০২২ তারিখ প্যাকেজ CP-05 ও CP-06 এবং ০৩ মার্চ ২০২২ তারিখ প্যাকেজ CP-04 এর প্রাক-যোগ্যতার (Prequalification) আবেদন আহ্বান করা হয়েছে। গত ১২ সেপ্টেম্বর ২০২১ তারিখ প্যাকেজ CP-12, গত ২৩ মার্চ ২০২২ তারিখ প্যাকেজ CP-09, CP-10, CP-11 এর প্রাক-যোগ্যতার দলিলাদি এবং গত ২২

ফেব্রুয়ারি ২০২২ তারিখ প্যাকেজ CP-03 এর সংশোধিত প্রাক-যোগ্যতার দলিলাদি JICA'র সম্মতির জন্য প্রেরণ করা হয়েছে। ঠিকাদারের প্রাক-যোগ্যতা আহ্বান কার্যক্রমের অগ্রগতি ৫০.০০%। বিমানবন্দর রুটেই বাংলাদেশে প্রথম পাতাল বা আন্ডারগ্রাউন্ড মেট্রোরেল নির্মিত হতে যাচ্ছে।